

উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি  
০১(২০১৬-২০১৭)

১	মন্ত্রণালয়/বিভাগ	ঃ পরিবেশ ও বন মন্ত্রণালয়।
২	সংস্থা	ঃ পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩	ক্রয়কারীর নাম	ঃ পরিচালক (প্রশাসন), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
৪	বিজ্ঞপ্তির সূত্র	ঃ ২২.০২.০০০০.০০৮.০৭.৮০.১৬.১০ তারিখঃ ১১/০১/২০১৭ খ্রিঃ।
৫	দরপত্রের পদ্ধতি	ঃ উন্মুক্ত দরপত্র পদ্ধতি (পিপিআর-২০০৮ অনুসারে পরিচালিত হবে)।
৬	অর্থের উৎস	ঃ জিওবি।
৭	দরপত্র প্যাকেজ নং ও প্যাকেজের নাম	ঃ প্যাকেজ ডিওই/জিআর ০৬(২০১৬-২০১৭)ঃ আইপিএস সরবরাহ। প্যাকেজ ডিওই/জিআর ০৭(২০১৬-২০১৭)ঃ কম্পিউটার প্রিন্টার, ফটোকপিয়ার ও ফ্যাক্স মেশিনে টোনার সরবরাহ। প্যাকেজ ডিওই/জিআর ০৮(২০১৬-২০১৭)ঃ স্টেশনারি ও আনুষঙ্গিক দ্রব্যসামগ্রী সরবরাহ।
৮	দরপত্র দাতার যোগ্যতা	ঃ ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহে দরপত্রদাতা প্রতিষ্ঠানের কমপক্ষে ২ (দুই) বছরের সাধারণ অভিজ্ঞতা থাকতে হবে। খ) দরপত্রদাতার টিআইএন নম্বরসহ হালসন পর্যন্ত আয়কর পরিশোধের সার্টিফিকেট, ভ্যাট রেজিস্ট্রেশন ও হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে।
৯	পণ্যের বিস্তারিত বিবরণ	ঃ দরপত্র সিডিউলের বর্ণনা অনুযায়ী।
১০	সংশ্লিষ্ট সেবার বিবরণ	ঃ দরপত্র সিডিউলের বর্ণনা অনুযায়ী।
১১	কার্য সম্পাদনের সময়	ঃ চুক্তি সম্পাদনের দুই সপ্তাহের মধ্যে আইপিএস সরবরাহ করতে হবে। টোনার এবং স্টেশনারি ও আনুষঙ্গিক দ্রব্যসামগ্রী সরবরাহের জন্য নির্বাচিত সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে পিপিআর-২০০৮ এর বিধি ৮৯ এবং পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এর ৩৬ ধারা অনুসরণে এক বছর মেয়াদী ফ্রেমওয়ার্ক চুক্তি করা হবে এবং সময়ে সময়ে কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক কার্যাদেশের ভিত্তিতে দরপত্রে প্রস্তাবিত মূল্যে টোনার এবং স্টেশনারি ও আনুষঙ্গিক দ্রব্যসামগ্রী সরবরাহ করতে হবে।
১২	সিডিউলের মূল্য	ঃ প্রতি প্যাকেজের জন্য পৃথকভাবে দরপত্র সিডিউলের মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র (অফেরতযোগ্য)।
১৩	দরপত্রের জামানত	ঃ দরপত্র জামানত হিসেবে প্যাকেজ ডিওই/জিআর ০৬(২০১৬-২০১৭) এর জন্য ৮,০০০/- (আট হাজার), প্যাকেজ ডিওই/জিআর ০৭(২০১৬-২০১৭) এর জন্য ২৫,০০০/- (পঁচিশ হাজার) এবং প্যাকেজ ডিওই/জিআর ০৮(২০১৬-২০১৭) এর জন্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা (ফেরতযোগ্য) যে কোনো তফসিলি ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে আয়ন ব্যয়ন কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা-এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে।
১৪	দরপত্র সিডিউল বিক্রয়ের স্থান ও ঠিকানা	ঃ হিসাব রক্ষক, হিসাব শাখা, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ এর নিকট থেকে নিজস্ব প্যাডে আবেদন সাপেক্ষে ক্রয় করা যাবে।
১৫	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	ঃ ২৬ জানুয়ারি ২০১৭ তারিখ, অপরাহ্ন ৪.০০ ঘটিকা।
১৬	দরপত্র গ্রহণের স্থান	ঃ সহকারী পরিচালক (সেবা), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর এর অফিস কক্ষ (কক্ষ নং-৩০৮)।
১৭	দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময়	ঃ ২৯ জানুয়ারি ২০১৭ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা।
১৮	দরপত্র খোলার স্থান	ঃ চামেলী সম্মেলন কক্ষ, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
১৯	দরপত্র খোলার তারিখ ও সময়	ঃ ২৯ জানুয়ারি ২০১৭ তারিখ দুপুর ১২.৩০ ঘটিকা।
২০	বিশেষ নির্দেশাবলী	ঃ ক) দরপত্রদাতাকে দরপত্রের সাথে আয়কর পরিশোধের সার্টিফিকেট, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি, Liquid Asset (Working Capital) প্রমাণের জন্য পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর থেকে দরপত্র দাখিলের সর্বশেষ সময়ের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংক থেকে নেওয়া ব্যাংক স্টেটমেন্ট এবং দরপত্র সিডিউলে বর্ণিত অন্যান্য যোগ্যতার স্বপক্ষে প্রয়োজনীয় দালিলিক প্রমাণ দাখিল করতে হবে। খ) প্যাকেজ ডিওই/জিআর ০৭(২০১৬-২০১৭) এর ক্ষেত্রে দরপত্রদাতা প্রতিষ্ঠানকে দরপত্রের সাথে প্রস্তাবিত টোনারের ম্যানোফ্যাকচারার অথরাইজেশন অথবা প্রস্তাবিত টোনারের বাংলাদেশে অবস্থিত Sole Agent এর অথরাইজেশন লেটার জমা দিতে হবে। গ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল অথবা যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। দরপত্র খোলার তারিখ সরকারী ছুটি থাকলে পরবর্তী কর্ম দিবসে একই সময়ে খোলা হবে।